NYC Public Schools

# NYC পাবলিক স্কুলস্-এ কী ঘটছে

Shiko këtë dokument në shqip | عرض هذه الوثيقة باللغة العربية | এই নথিটি বাংলা ভাষায় দেখুন
查看本文件的简体中文版本 | 查看本文件的繁體字中文版本 | Consultez ce document en français | Gade dokiman sa a an Kreyòl ayisyen
이 문서를 한국어로 보십시오 | Документ на русском языке | Consulte este documento en español
Переглянути цей документ українською мовою | اس دستاویز کو اردو میں ملاحظہ کریں | Ushbu hujjatni ichida ko'ring O'zbek

schools.nyc.gov/MessagesForFamilies

## মে 2026

এই পরিবারের জন্য সর্বসাম্প্রতিক তথ্য 2026–27 শিক্ষা বছরের ক্যালেন্ডার, সামার রাইজিংয়ের অফার, ভর্তি বিষয়ক হালনাগাদ তথ্য, শিক্ষক প্রশংসার সপ্তাহ, জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (ক্লাইমেট অ্যাকশন ডে), এবং প্যারেন্ট-টিচার কনফারেন্স সংক্রান্ত তথ্য প্রদান করে।

## বিষয়সূচি


- 2026–27 শিক্ষা বছরের ক্যালেন্ডার
- সামার রাইজিংয়ে ভর্তির অফারসমূহ
- ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখসমূহ
- শিক্ষকের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন সপ্তাহ
- জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস
- প্যারেন্ট-টিচার কনফারেন্স


## 2026–27 নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর (NYCPS) ক্যালেন্ডার

2026–27 শিক্ষা বছরের ক্যালেন্ডার এসে গেছে! স্কুলের প্রথম দিন হলো **বৃহস্পতিবার, 10 সেপ্টেম্বর**। গুরুত্বপূর্ণ তারিখগুলো দেখতে এবং যেসব ফাইল প্রিন্ট করা যাবে সেগুলো ডাউনলোড করতে schools.nyc.gov/Calendar দেখুন। অনুগ্রহ করে আরও জেনে রাখুন:
যে দিনগুলোতে স্কুলভবনগুলো দুর্যোগপূর্ণ আবহাওয়ার বা অন্য কোনো জরুরি অবস্থার কারণে বন্ধ থাকে, তখন NYCPS-এ দূর থেকে বা রিমোটভাবে সেশন হতে পারে। পূর্ববর্তী প্রথা অনুযায়ী, যখন NYCPS-এর ছুটি সপ্তাহান্তে (উইকএন্ড) পড়ে তখন স্কুলগুলো সপ্তাহের কার্য দিবসে বন্ধ থাকবে না। 2026-27 শিক্ষা বছরে, নিচে উল্লিখিত ছুটির দিনগুলি সপ্তাহান্তে পড়ে এবং সেগুলি স্কুল ছুটির দিন হিসেবে পালিত হবে না।

- রস হাশানাহ (শনিবার–রবিবার, 12– 13 সেপ্টেম্বর, 2026)
- দিওয়ালি (রবিবার, 8 নভেম্বর, 2026)
- চান্দ্র নববর্ষ (লুনার নিউ ইয়ার) (রবিবার, 7 ফেব্রুয়ারি, 2027)

ক্যালেন্ডারটি কীভাবে তৈরি হয়েছে সেবিষয়ে প্রশ্ন আছে কি? আরও জানতে schools.nyc.gov/CalendarExplainer দেখুন!

## সামার রাইজিংয়ে ভর্তির অফার

যদি আপনি সামার রাইজিং প্রোগ্রাম আবেদন করে থাকেন এবং অফার পেয়ে থাকেন, তবে আপনার সন্তানের আসন সুরক্ষিত রাখতে **মঙ্গলবার, 5 মে** তারিখের মধ্যে অবশ্যই গ্রহণ করতে হবে। পরিবারদেরকে আপনা-আপনি নথিভুক্ত (এনরোল) করা হবে না। আপনার সন্তানের অফার গ্রহণ অথবা প্রত্যাখ্যান করতে MySchools.nyc -এ লগইন করুন।

# ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখসমূহ

## 1–4 গ্রেডের গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) আবেদন 8 মে শেষ হবে

2026-এর হেমন্তের (ফল) জন্য 1–4 গ্রেডে আপনার G&T-এর আবেদন **শুক্রবার, 8 মে**-এর মধ্যে জমা দিতে হবে। G&T প্রোগ্রামগুলো 1–4 গ্রেডে যোগ্য শিক্ষার্থীদেরকে ত্বরান্বিত শিক্ষা-নির্দেশনা অফার করে। যোগ্য শিক্ষার্থীদের পরিবারেরা তাদেরকে G&T-এর জন্য আবেদনের আমন্ত্রণ জানিয়ে একটি ইমেইল এবং/অথবা ডাকযোগে চিঠি পাবে। G&T যোগ্যতার শর্তাবলী এবং ভর্তি প্রক্রিয়া সম্পর্কে জানতে, **schools.nyc.gov/GT** দেখুন।

## 3-K এবং প্রি-K-এর ফলাফল

যদি আপনি 2026-এর হেমন্তের (ফল) জন্য 3-K অথবা প্রি-K-তে শেষ তারিখ 28 ফেব্রুয়ারির মধ্যে আবেদন করে থাকেন, তবে আপনি আপনার সন্তানের ফলাফল **মঙ্গলবার, 12 মে** (প্রি-K) অথবা **মঙ্গলবার, 19 মে** (3-K) পাবেন। একটি অফার গ্রহণ করতে এবং আপনার সন্তান কোনো অপেক্ষা-তালিকায় আছে কিনা (যদি প্রযোজ্য হয়) তা দেখতে আপনার **MySchools.nyc** অ্যাকাউন্টে লগ ইন করুন। কীভাবে অফার প্রদান করা হয় তা জানতে **schools.nyc.gov/3K** এবং **schools.nyc.gov/PreK** দেখুন।

---

# টিচার অ্যাপ্রিসিয়েশন উইক (শিক্ষকের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন সপ্তাহ)

**4–8 মে, 2026**-এর সপ্তাহ জুড়ে আপনার সন্তানের শিক্ষকদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করুন! শিক্ষকগণ আমাদের শিক্ষার্থীদেরকে ক্লাসরুমের ভিতরে ও বাইরে নিরাপদ, সমর্থিত, এবং পূর্ণ সম্ভাবনায় পৌঁছানোর জন্য অনুপ্রাণিত হতে সহায়তা করেন।

4–8 মে পর্যন্ত, যে শিক্ষকগণ আপনার সন্তানের জীবনে অবদান রাখছে তাদেরকে একটু সময় নিয়ে ধন্যবাদ জানান। একজন অতিথি (গেস্ট) হিসেবে **doeallstars.schools.nyc** -এ সাইন ইন করুন এবং একজন প্রিয় NYCPS শিক্ষকের নাম এন্টার আপনার সমর্থন জানিয়ে একটি বার্তা পাঠিয়ে দিন। একজন শিক্ষকের দিনকে আলোকিত করা এতটাই সহজ! এছাড়াও আমরা সামাজিক যোগাযোগ মাধ্যমে #ThankATeacherNYC হ্যাশট্যাগ ব্যবহার করে আমাদের সিটির শিক্ষকদেরকে উদযাপন করতে শিক্ষার্থী ও পরিবারদেরকে উৎসাহিত করি।

---

# জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (ক্লাইমেট অ্যাকশন ডে)

2025-26 শিক্ষা বছরের জন্য শেষ NYCPS জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (ক্লাইমেট অ্যাকশন ডে) হলো **বুধবার, 20 মে**! প্রতিটি জলবায়ু রক্ষা কার্যক্রম দিবসে (ক্লাইমেট অ্যাকশন ডে), নিউ ইয়র্ক সিটির (NYC) পাবলিক স্কুল কমিউনিটিগুলো বিভিন্ন জলবায়ু সংক্রান্ত শিক্ষা কর্মকাণ্ড এবং দীর্ঘস্থায়ী চর্চা তুলে ধরে। মে মাসের জন্য প্রতিপাদ্য বা থিম হলো, "পানি", যা স্কুলগুলোকে পানির বাস্তুসংস্থান, সংরক্ষণাধার, এবং আমাদের সিটিতে বর্ধিত বৃষ্টিপাত ও ঝড়ের সাথে খাপ খাওয়ানোর প্রতি মনোনিবেশ করতে উৎসাহ দেয়। আরও জানতে **schools.nyc.gov/ClimateAction** দেখুন।

---

# প্যারেন্ট-টিচার কনফারেন্স

এই বছরের প্যারেন্ট-টিচার কনফারেন্সগুলোর (PTC) শেষ দফার জন্য প্রস্তুত হোন! সাধারণভাবে, প্যারেন্ট-টিচার কনফারেন্সগুলো দূর থেকে বা রিমোটভাবে অনুষ্ঠিত হবে, তবে কিছু স্কুলে সশরীরে উপস্থিতিতেও কনফারেন্সগুলো হতে পারে। অনুবাদ এবং দোভাষী পরিষেবাও লভ্য হবে—আপনার এই পরিষেবাগুলো প্রয়োজন হলে অথবা সশরীরে উপস্থিতিতে কনফারেন্স প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলকে জানাবেন। আরও জানতে অনুগ্রহ করে **schools.nyc.gov/PTC** দেখুন।

- **বুধবার, 6 মে:** মিডল্ স্কুল এবং D75 স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন PTC
- **বৃহস্পতিবার, 7 মে:** এলিমেন্টারি স্কুল এবং প্রি–K সেন্টারগুলোর জন্য সান্ধ্যকালীন PTC
- **বুধবার, 20 মে:** হাই স্কুল, K-12, এবং 6-12 স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন PTC

আপনার সন্তানের স্কুলের তারিখ নিশ্চিত করতে এবং আপনার কনফারেন্স সময়সূচি করতে অনুগ্রহ করে তার শিক্ষকের সাথে যোগাযোগ করুন।